গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী
ফোন নং ঃ ০২৪৭-৮১২৫৩২ মোবাইলঃ ০১৩০৯-১২৭০৪৩
Web: www.rmscraj.edu.bd / e-mail:mail.rmsc@gmail.com
EIIN NO: 127043, COLLEGE CODE: 1032, SCHOOL CODE: 1975

স্মারক নংঃ রাসমস্কুক/২০২৩/ ০৮৩ তারিখ ঃ ১২/০২/২০২৩ খ্রি.

# ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তি সংক্রান্ত নির্দেশনাবলী (৪র্থ পর্যায়)

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, শিক্ষা বোর্ড কর্তৃক প্রকাশিতব্য ৪র্থ পর্যায়ের ফলাফলে রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজে ২০২২-২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির জন্য নির্বাচিত এবং বোর্ড নির্দেশিত পদ্ধতিতে ৩২৮/- টাকা পরিশোধ পূর্বক নিশ্চায়ন কার্য সম্পন্নকারী শিক্ষার্থীদের ভর্তি প্রক্রিয়া অনলাইনে সম্পন্ন করতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠানের website: www.rmscraj.edu.bd তে প্রবেশ করে XI Class Admission মেনুতে ক্লিক করে পরবর্তী ধাপসমূহ অনুসরণ করতে হবে।

- অনলাইনে ভর্তির সময়ঃ ১৩-০২-২০২৩ খ্রি. তারিখ হতে ১৫-০২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।
- ভর্তি ফি ডাচ্ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং রকেট এ্যাপস এর মাধ্যমে পরিশোধ করতে হবে। বিলার আইডি-৩০৮৬।
- ভর্তি ফি এর পরিমাণ নিম্নরূপ (মোবাইল ব্যাংকিং চার্জ ব্যতীত)

| বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা |
|---|---|---|
| ২৮৪৫/- | ২৬৮৫/- | ২৬০৫/- |

- **অনলাইনে ভর্তি কার্যক্রম সম্পন্ন করার পরে প্রাপ্ত ভর্তি ফরম এর সাথে নিম্নলিখিত কাগজপত্র ১৩/০২/২০২৩ হতে ১৫-০২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত ছুটির দিন ব্যতীত সকাল ১০.০০ হতে দুপুর ২.০০ এর মধ্যে অফিস কক্ষে ( কক্ষ নং: ১১৪) জমা দিতে হবে।**

প্রয়োজনীয় কাগজপত্রের বিবরণঃ

১. অনলাইন হতে ডাউনলোডকৃত ভর্তি ফরম ০২ কপি। (১ কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং ১ কপি প্রতিষ্ঠানে জমা দিতে হবে।)
২. এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্র (একাডেমিক ট্রান্সক্রিপ্ট)। মূল নম্বরপত্র শিক্ষাবোর্ড হতে পাওয়া না গেলে অনলাইন নম্বরপত্র, এসএসসি পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড। (মূল কপির পিছনে পেন্সিল দিয়ে Student ID লিখতে হবে, অনলাইনে ভর্তি ফরম পূরণ সম্পন্ন করার পর Student ID পাওয়া যাবে)। মূল কাগজপত্রের প্রয়োজনীয় সংখ্যক ফটোকপি শিক্ষার্থী নিজ দায়িত্বে সংরক্ষণ করবে।
৩. এসএসসি/সমমান পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি ০২ কপি। মূল নম্বরপত্র শিক্ষাবোর্ড হতে পাওয়া না গেলে অনলাইন নম্বরপত্র, এসএসসি পরীক্ষার মূল প্রবেশপত্র ও রেজিস্ট্রেশন কার্ড এর ফটোকপি ০২ কপি।
৪. এসএসসি/সমমান পরীক্ষার প্রশংসাপত্রের ফটোকপি ০২ কপি।
৫. পাসপোর্ট সাইজের রঙিন ছবি ০২ কপি। (ছবির পিছনে শিক্ষার্থীর নাম ও Student ID লিখতে হবে)
৬. পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ১ কপি করে মোট ০২ কপি।
৭. শিক্ষার্থীর ডিজিটাল জন্ম নিবন্ধনের ফটোকপি ১ কপি।
৮. কোটাতে ভর্তির ক্ষেত্রে কোটা সংশ্লিষ্ট কাগজপত্র (মূল কপি দেখাতে হবে এবং ফটোকপি জমা দিতে হবে।)

উপরোল্লিখিত ০১ হতে ০৮ নং ক্রমিকে বর্ণিত কাগজপত্রাদি লিগ্যাল সাইজের একটি খামে ভরে ১১৪ নং কক্ষে জমা দিতে হবে। খামের উপরে-ক) শিক্ষার্থীর নাম, খ) Student ID, গ) গ্রুপ, ঘ) মোবাইল নম্বর ও ঙ) এসএসসি পরীক্ষার রোল নম্বর সঠিকভাবে লিখতে হবে।

- মুক্তিযোদ্ধা ও শিক্ষা কোটাতে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত শিক্ষার্থীদেরকে আগামী ১৩-০২-২০২৩ ও ১৪-০২-২০২৩ খ্রি. তারিখ সকাল ১০ টা হতে দুপুর ২.০০ টা পর্যন্ত নিম্নবর্ণিত কাগজপত্র ও অভিভাবকসহ প্রতিষ্ঠানের অফিস কক্ষে (১১৪ নম্বর কক্ষে) উপস্থিত হওয়ার জন্য বলা হলো। কাগজপত্র যাচাই সাপেক্ষে ভর্তির অনুমতি দেয়া হবে।

**মুক্তিযোদ্ধা কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র (উপরোল্লিখিত ০১-০৮ নম্বরে বর্ণিত কাগজপত্রসহ)**

১। মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের মূলকপি ও ২ কপি ফটোকপি।
২। মুক্তিযোদ্ধার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি এবং এসএসসি/সমমান সনদের ফটোকপি (প্রযোজ্য ক্ষেত্রে)।
৩। মুক্তিযোদ্ধা দাদা অথবা নানা হলে যথাক্রমে পিতা অথবা মাতার জাতীয় পরিচয়পত্র, এসএসসি/সমমান সনদ। (প্রযোজ্য ক্ষেত্রে) অথবা অনলাইন জন্ম নিবন্ধনের মূলকপি ও ফটোকপি ১ কপি করে।
৪। অনলাইন থেকে ডাউনলোডকৃত মুক্তিযোদ্ধার বিস্তারিত তথ্য যেখানে স্বামী/স্ত্রীর নামসহ পোষ্যদের নাম অর্ন্তভুক্ত রয়েছে তার কপি।
৫। লাল মুক্তি বার্তা/বই এর ফটোকপি।
৬। মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের বাংলাদেশ গেজেটের কপি।

**শিক্ষা কোটায় ভর্তির জন্য প্রয়োজনীয় কাগজপত্র (উপরোল্লিখিত ০১-০৮ নম্বরে বর্ণিত কাগজপত্রসহ)**

১। শিক্ষা মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর / সংস্থায় কর্মরত কর্মকর্তা / কর্মচারীর দপ্তর প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি ও ২ কপি ফটোকপি।
২। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তার একধাপ উপরের উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্রের মূল কপি ও ২ কপি ফটোকপি।

১২/০২/২০২৩
মোঃ হাবিবুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

**২০২২-২০২৩ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তির নিয়মাবলী**

অনলাইনে ভর্তির তারিখঃ ১৩-০২-২০২৩ খ্রি. তারিখ হতে ১৫-০২-২০২৩ খ্রি. তারিখ পর্যন্ত।

**অনলাইনে ভর্তি ফরম পূরণের জন্য নিম্নলিখিত তথ্য-উপাত্ত সাথে থাকতে হবে।**

০১। শিক্ষার্থীর PP Size Photo এর Softcopy (300p ×300p) যা 300kb এর বেশি নয়।
০২। শিক্ষার্থীর জন্ম নিবন্ধন সনদের ফটোকপি।
০৩। পিতা-মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি।
০৪। এসএসসি/ সমমান পরীক্ষার মার্কশীট-এর ফটোকপি।
০৫। ভর্তি ফি এর টাকা।
০৬। ভর্তির ফলাফলের সাথে প্রাপ্ত সিকিউরিটি কোড।

## Online এ ভর্তির নিয়মাবলী

(Better Performance এর জন্য Google Chrome ব্রাউজার ব্যবহার করুন)

Online ফরম পূরণের জন্য প্রতিষ্ঠানের ওয়েব সাইট www.rmscraj.edu.bd তে গিয়ে 'XI Class Admission' Menu তে Click করতে হবে। এরপর Details বাটনে ক্লিক করতে হবে। বিস্তারিত তথ্য পড়ে Apply Now বাটনে ক্লিক করতে হবে।

## Step One এ ক্লিক করতে হবে।

**Step One :** এ পর্যায়ে SSC / Equivalent Board Exam Roll দিলে শিক্ষার্থীর নাম দেখাবে এরপর আপনি যে নম্বরে SMS পেতে চান সেই মোবাইল নম্বরটি লিখুন এবং Submit বাটনে ক্লিক করুন, তাৎক্ষণিকভাবে আপনার মোবাইল নম্বরে ফি পরিশোধের পরিমাণ সংক্রান্ত একটি SMS পাবেন। ফি পরিশোধের পরিমাণ সংক্রান্ত তথ্যটি কম্পিউটার স্ক্রিনেও দেখতে পাবেন।

**ভর্তি ফি পরিশোধঃ-**

ডাচ বাংলা ব্যাংকের মোবাইল ব্যাংকিং Rocket Apps ব্যবহার করে ভর্তি ফি জমা দিতে হবে। (রকেট চার্জ প্রযোজ্য)

| বিজ্ঞান | মানবিক | ব্যবসায় শিক্ষা |
|---|---|---|
| ২৮৪৫/- | ২৬৮৫/- | ২৬০৫/- |

**ফি পরিশোধের ধাপসমূহঃ- (Step One Complete না করলে ফি পরিশোধ করা যাবেনা।)**

রকেট এ্যাপস ব্যবহার করে ফি পরিশোধের জন্য নিম্নলিখিত ধাপসমূহ অনুসরণ করুনঃ

১। মোবাইল নম্বর ও পিন নম্বর দিয়ে রকেট এ্যাপস এ লগইন করুন।
২। বিল পে অপশন নির্বাচন করুন।
৩। Biller ID: 3086 লিখুন। (Rajshahi Govt. Model School & College)
৪। Student ID: এখানে SSC / Equivalent Exam Roll লিখুন।
৫। Pay For: Self (শিক্ষার্থী নিজ অভিভাবকের নম্বর হতে ফি পরিশাধের জন্য),
Other (অন্য কারো নম্বর হতে ফি পরিশোধ করলে Other Select করার পরে শিক্ষার্থীর অভিভাবকের মোবাইল নম্বর দিতে হবে।)
৬। VALIDATE এ ক্লিক করুন। এখন শিক্ষার্থীর নাম ও ফি এর পরিমাণ দেখাবে।
৭। শিক্ষার্থীর নাম ও ফি এর পরিমাণ সঠিক থাকলে Ok ক্লিক করুন এবং আপনার রকেট হিসাবের পিন দিন।

আপনার ভর্তি ফি পরিশোধ সফল হলে এ পর্যায়ে আপনি ফি পরিশোধের একটি Transaction ID পাবেন।

**Step Two** : SSC / Equivalent Roll ও Transaction ID ইনপুট করুন। এ পর্যায়ে একটি ভর্তি ফরম পাওয়া যাবে, ফরমে লাল তারকা (*) চিহ্নিত Field গুলি অবশ্যই পূরণ করতে হবে। ফরমটি যথাযথভাবে পূরণ করে Next বাটনে Click করলে পূরণকৃত তথ্যগুলি দেখতে পাবেন।

পূরণকৃত তথ্য পুনরায় পর্যবেক্ষণ পূর্বক Next বাটনে Click করতে হবে। কোন সংশোধন থাকলে Edit করে তারপর Next বাটনে Click করতে হবে। এরপর Submit বাটনে ক্লিক করতে হবে।

Submit করার পর কোন তথ্য সংশোধন করা যাবে না।

Submit করার পর Applicant Copy কমপক্ষে ২ টি প্রিন্ট করুন। ১টি কপি শিক্ষার্থী সংরক্ষণ করবে এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ ১টি কপি লিগ্যাল সাইজের খামে ভরে প্রতিষ্ঠানে জমা দিতে হবে।

22/02/2023

মোঃ হাবিবুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।

web: www.rmscraj.edu.bd / e-mail:mail.rmsc@gmail.com

উচ্চ মাধ্যমিক পর্যায়ের বিষয় কাঠামো নিম্নরূপ:

| শাখা | ক্র: নং: | আবশ্যিক বিষয় | বিষয় কোড | ক্র: নং: | নৈর্বাচনিক বিষয় বা শাখা ভিত্তিক আবশ্যিক | বিষয় কোড | ক্র: নং: | ঐচ্ছিক/৪র্থ বিষয় (যে কোন একটি) | বিষয় কোড |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| বিজ্ঞান | ১ | বাংলা | ১০১-১০২ | ৪ | পদার্থ | ১৭৪-১৭৫ | ৭ | জীববিজ্ঞান | ১৭৮-১৭৯ |
| | ২ | ইংরেজি | ১০৭-১০৮ | ৫ | রসায়ন | ১৭৬-১৭৭ | | উচ্চতর গণিত | ২৬৫-২৬৬ |
| | ৩ | আইসিটি | ২৭৫ | ৬ | জীববিজ্ঞান 'অথবা' | ১৭৮-১৭৯ | | কৃষিশিক্ষা | ২৩৯-২৪০ |
| | | | | | উচ্চতর গণিত | ২৬৫-২৬৬ | | ভূগোল | ১২৫-১২৬ |
| | | | | | | | | মনোবিজ্ঞান | ১২৩-১২৪ |
| | | | | | | | | পরিসংখ্যান | ১২৯-১৩০ |
| **শাখা** | **ক্র: নং:** | **আবশ্যিক বিষয়** | **বিষয় কোড** | **ক্র: নং:** | **নৈর্বাচনিক বিষয় বা শাখা ভিত্তিক আবশ্যিক** | **বিষয় কোড** | **ক্র: নং:** | **ঐচ্ছিক/৪র্থ বিষয় (যে কোন একটি)** | **বিষয় কোড** |
| মানবিক | ১ | বাংলা | ১০১-১০২ | | ইতিহাস 'অথবা' | ৩০৪-৩০৫ | ৭ | অর্থনীতি | ১০৯-১১০ |
| | ২ | ইংরেজি | ১০৭-১০৮ | | ইস: ইতিহাস ও সংস্কৃতি | ২৬৭-২৬৮ | | যুক্তিবিদ্যা | ১২১-১২২ |
| | ৩ | আইসিটি | ২৭৫ | | পৌরনীতি ও সুশাসন | ২৬৯-২৭০ | | মনোবিজ্ঞান | ১২৩-১২৪ |
| | | | | | অর্থনীতি | ১০৯-১১০ | | ভূগোল | ১২৫-১২৬ |
| | | | | | সমাজ কর্ম | ২৭১-২৭২ | | পরিসংখ্যান | ১২৯-১৩০ |
| | | | | | ভূগোল | ১২৫-১২৬ | | আরবী | ২৩৩-২৩৪ |
| | | | | | যুক্তিবিদ্যা | ১২১-১২২ | | কৃষিশিক্ষা | ২৩৯-২৪০ |
| | | | | উপরের বিষয়গুলির মধ্যে হতে শিক্ষার্থী যে কোন তিনটি বিষয় (৪, ৫ ও ৬ নং বিষয়) নির্বাচন করতে পারবে। | | | | ইসলাম শিক্ষা | ২৪৯-২৫০ |
| | | | | | | | | উচ্চতর গণিত | ২৬৫-২৬৬ |
| | | | | | | | | ইস: ইতিহাস ও সংস্কৃতি | ২৬৭-২৬৮ |
| | | | | | | | | পৌরনীতি ও সুশাসন | ২৬৯-২৭০ |
| | | | | | | | | সমাজ কর্ম | ২৭১-২৭২ |
| | | | | | | | | গার্হস্থ্য বিজ্ঞান | ২৭৩-২৭৪ |
| | | | | | | | | ইতিহাস | ৩০৪-৩০৫ |
| **শাখা** | **ক্র: নং:** | **আবশ্যিক বিষয়** | **বিষয় কোড** | **ক্র: নং:** | **নৈর্বাচনিক বিষয় বা শাখা ভিত্তিক আবশ্যিক** | **বিষয় কোড** | **ক্র: নং:** | **ঐচ্ছিক/৪র্থ বিষয় (যে কোন একটি)** | **বিষয় কোড** |
| ব্যবসায় শিক্ষা | ১ | বাংলা | ১০১-১০২ | ৪ | ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা | ২৭৭-২৭৮ | ৭ | ফিন্যান্স ব্যাংকিং ও বিমা | ২৯২-২৯৩ |
| | ২ | ইংরেজি | ১০৭-১০৮ | ৫ | হিসাববিজ্ঞান | ২৫৩- | | কৃষিশিক্ষা | ২৩৯-২৪০ |
| | ৩ | আইসিটি | ২৭৫ | ৬ | ফিন্যান্স ব্যাংকিং ও বিমা | ২৯২- | | ভূগোল | ১২৫-১২৬ |
| | | | | | | | | অর্থনীতি | ১০৯-১১০ |
| | | | | | | | | পরিসংখ্যান | ১২৯-১৩০ |
| | | | | | | | | গার্হস্থ্য বিজ্ঞান | ২৭৩-২৭৪ |

বি:দ্র: একই বিষয় নৈর্বাচনিক ও ঐচ্ছিক হিসাবে দু'বার নেওয়া যাবে না।

মোঃ হাবিবুর রহমান
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী।